কৃষিই সমৃদ্ধি

একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষি মন্ত্রণালয়

উপকরণ-২ শাখা

www.moa.gov.bd

নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৩.২২.১৬৩

তারিখ : ১৮ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ০১ জুন ২০২৬

**বিষয়: ২০২৫-২৬ অর্থবছরে '১২০০০৬৫০৫- কৃষি পুনর্বাসন সহায়তা' খাতে উফশী রোপা আমন ধানের আবাদ এবং উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বীজ ও সার বিতরণ প্রণোদনা কর্মসূচি বাবদ জি.ও জারি।**

সূত্র: ১) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর স্মারক নং-১২.০১.০০০০.১৬৬.৩৮.০০১.২০.১৩৩১; তারিখ: ২৭-০৪-২০২৬ খ্রি।

২) কৃষি মন্ত্রণালয় এর স্মারক নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৩.২২.১৬০; তারিখ: ০১-০৬-২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে, অর্থ বিভাগের অনুমোদনক্রমে ২০২৫-২৬ অর্থবছরে '১২০০০৬৫০৫- কৃষি পুনর্বাসন সহায়তা' খাতে বরাদ্দকৃত অর্থ হতে খরিপ মৌসুমে উফশী রোপা আমন ধানের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ, সার, ও অন্যান্য সহায়তা বাবদ ৫৯৯৯.৯৯৬ লক্ষ (উনষাট কোটি নিরানব্বই লক্ষ নিরানব্বই হাজার ছয়শত) টাকা; ০২ নং অনুচ্ছেদে কৃষক প্রতি/বিঘাপ্রতি সহায়তার বিবরণী; ০৩ নং অনুচ্ছেদে জেলাভিত্তিক উপকারভোগী কৃষক ও অর্থ বিভাজন এবং ০৪ নং অনুচ্ছেদে উল্লিখিত বাস্তবায়ন পদ্ধতি, শর্তাবলী ও প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধানের আলোকে ব্যয় করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। এ প্রণোদনা কর্মসূচির আওতায় কৃষক প্রতি/বিঘাপ্রতি সহায়তার বিবরণ:

| ক্রমিক নং | উপকরণ/খাত | | জন প্রতি/বিঘাপ্রতি উপকরণ সহায়তা (কেজি) | একক মূল্য (টাকা) | জন প্রতি/বিঘাপ্রতি ব্যয় (টাকা) |
|---|---|---|---|---|---|
| ১ | বীজ | | ৫.০০ | ৭০.০০ | ৩৫০.০০ |
| ২ | সার | ডিএপি | ১০.০০ | ১৯.০০ | ১৯০.০০ |
| | | এমওপি | ১০.০০ | ০ | ০ |
| | | উপমোট | ২৫.০০ (কেজি) | | |
| ৪ | পরিবহন ব্যয় | | | ১.৫০ কেজি প্রতি | ৩৭.৫০ |
| ৫ | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | | | ১.০০ কেজি প্রতি | ২৫.০০ |
| | | মোট | | | ৬০২.৫০ টাকা |

০৩। এ প্রণোদনা কর্মসূচির জেলাভিত্তিক উপকারভোগী কৃষক ও অর্থ বিভাজন (এক নজরে প্রণোদনা কর্মসূচি)

| ক্র: নং | জেলার নাম | উপকারভোগী কৃষক সংখ্যা/ জমির পরিমাণ (জন/বিঘা) | উপকরণের পরিমাণ **(মে.টন)** | | | | উপকরণের ব্যয় **(লক্ষ টাকা)** | | | | | | | মোট বরাদ্দ **(লক্ষ টাকা)** |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | '৩২৫১১০৯- বীজ ও চারা' | '৩২৫১১০৫-সার' | | | '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' | | | |
| | | | বীজের পরিমান (মে.টন) | ডিএপি | এমওপি | উপমোট সার | | ডিএপি | এমওপি | উপমোট সার | পরিবহন ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | উপমোট অন্যান্য ব্যয় | |
| ১ | ঢাকা | ৫০০০ | ২৫.০০ | ৫০.০০ | ৫০.০০ | ১০০.০০ | ১৭.৫০০ | ৯.৫০০ | ০.০০ | ৯.৫০০ | ১.৮৭৫ | ১.২৫০ | ৩.১২৫ | ৩০.১২৫ |
| ২ | নারায়ণগঞ্জ | ৪২০০ | ২১.০০ | ৪২.০০ | ৪২.০০ | ৮৪.০০ | ১৪.৭০০ | ৭.৯৮০ | ০.০০ | ৭.৯৮০ | ১.৫৭৫ | ১.০৫০ | ২.৬২৫ | ২৫.৩০৫ |
| ৩ | গাজীপুর | ১২০০০ | ৬০.০০ | ১২০.০০ | ১২০.০০ | ২৪০.০০ | ৪২.০০০ | ২২.৮০০ | ০.০০ | ২২.৮০০ | ৪.৫০০ | ৩.০০০ | ৭.৫০০ | ৭২.৩০০ |
| ৪ | নরসিংদী | ১১০০০ | ৫৫.০০ | ১১০.০০ | ১১০.০০ | ২২০.০০ | ৩৮.৫০০ | ২০.৯০০ | ০.০০ | ২০.৯০০ | ৪.১২৫ | ২.৭৫০ | ৬.৮৭৫ | ৬৬.২৭৫ |
| ৫ | মুন্সীগঞ্জ | ৪৬০০ | ২৩.০০ | ৪৬.০০ | ৪৬.০০ | ৯২.০০ | ১৬.১০০ | ৮.৭৪০ | ০.০০০ | ৮.৭৪০ | ১.৭২৫ | ১.১৫০ | ২.৮৭৫ | ২৭.৭১৫ |
| ৬ | মানিকগঞ্জ | ৫০০০ | ২৫.০০ | ৫০.০০ | ৫০.০০ | ১০০.০০ | ১৭.৫০০ | ৯.৫০০ | ০.০০ | ৯.৫০০ | ১.৮৭৫ | ১.২৫০ | ৩.১২৫ | ৩০.১২৫ |
| ৭ | টাঙ্গাইল | ১৭০০০ | ৮৫.০০ | ১৭০.০০ | ১৭০.০০ | ৩৪০.০০ | ৫৯.৫০০ | ৩২.৩০০ | ০.০০ | ৩২.৩০০ | ৬.৩৭৫ | ৪.২৫০ | ১০.৬২৫ | ১০২.৪২৫ |
| ৮ | কিশোরগঞ্জ | ১৬০০০ | ৮০.০০ | ১৬০.০০ | ১৬০.০০ | ৩২০.০০ | ৫৬.০০০ | ৩০.৪০০ | ০.০০ | ৩০.৪০০ | ৬.০০০ | ৪.০০০ | ১০.০০০ | ৯৬.৪০০ |
| ৯ | ময়মনসিংহ | ৪৩০০০ | ২১৫.০০ | ৪৩০.০০ | ৪৩০.০০ | ৮৬০.০০ | ১৫০.৫০০ | ৮১.৭০০ | ০.০০ | ৮১.৭০০ | ১৬.১২৫ | ১০.৭৫০ | ২৬.৮৭৫ | ২৫৯.০৭৫ |
| ১০ | জামালপুর | ১৫০০০ | ৭৫.০০ | ১৫০.০০ | ১৫০.০০ | ৩০০.০০ | ৫২.৫০০ | ২৮.৫০০ | ০.০০ | ২৮.৫০০ | ৫.৬২৫ | ৩.৭৫০ | ৯.৩৭৫ | ৯০.৩৭৫ |
| ১১ | শেরপুর | ৮০০০ | ৪০.০০ | ৮০.০০ | ৮০.০০ | ১৬০.০০ | ২৮.০০০ | ১৫.২০০ | ০.০০ | ১৫.২০০ | ৩.০০০ | ২.০০০ | ৫.০০০ | ৪৮.২০০ |
| ১২ | নেত্রকোনা | ২৩০০০ | ১১৫.০০ | ২৩০.০০ | ২৩০.০০ | ৪৬০.০০ | ৮০.৫০০ | ৪৩.৭০০ | ০.০০ | ৪৩.৭০০ | ৮.৬২৫ | ৫.৭৫০ | ১৪.৩৭৫ | ১৩৮.৫৭৫ |
| ১৩ | কুমিল্লা | ২২০০০ | ১১০.০০ | ২২০.০০ | ২২০.০০ | ৪৪০.০০ | ৭৭.০০০ | ৪১.৮০০ | ০.০০ | ৪১.৮০০ | ৮.২৫০ | ৫.৫০০ | ১৩.৭৫০ | ১৩২.৫৫০ |
| ১৪ | চাঁদপুর | ৭০০০ | ৩৫.০০ | ৭০.০০ | ৭০.০০ | ১৪০.০০ | ২৪.৫০০ | ১৩.৩০০ | ০.০০ | ১৩.৩০০ | ২.৬২৫ | ১.৭৫০ | ৪.৩৭৫ | ৪২.১৭৫ |

| ক্র: নং | জেলার নাম | উপকার ভোগী কৃষক সংখ্যা/ জমির পরিমাণ (জন/বিঘা) | উপকরণের পরিমাণ (মে.টন) | | | | উপকরণের ব্যয় (লক্ষ টাকা) | | | | | | | মোট বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | '৩২৫১১০৯- বীজ ও চারা' | '৩২৫১১০৫-সার' | | | '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' | | | |
| | | | বীজের পরিমান (মে.টন) | ডিএপি | এমওপি | উপমোট সার | | ডিএপি | এমওপি | উপমোট সার | পরিবহন ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | উপমোট অন্যান্য ব্যয় | |
| ১৫ | ব্রাহ্মণবাড়িয়া | ১২০০০ | ৬০.০০ | ১২০.০০ | ১২০.০০ | ২৪০.০০ | ৪২.০০০ | ২২.৮০০ | ০.০০ | ২২.৮০০ | ৪.৫০০ | ৩.০০০ | ৭.৫০০ | ৭২.৩০০ |
| ১৬ | সিলেট | ২৫০০০ | ১২৫.০০ | ২৫০.০০ | ২৫০.০০ | ৫০০.০০ | ৮৭.৫০০ | ৪৭.৫০০ | ০.০০ | ৪৭.৫০০ | ৯.৩৭৫ | ৬.২৫০ | ১৫.৬২৫ | ১৫০.৬২৫ |
| ১৭ | মৌলভীবাজার | ২২০০০ | ১১০.০০ | ২২০.০০ | ২২০.০০ | ৪৪০.০০ | ৭৭.০০০ | ৪১.৮০০ | ০.০০ | ৪১.৮০০ | ৮.২৫০ | ৫.৫০০ | ১৩.৭৫০ | ১৩২.৫৫০ |
| ১৮ | হবিগঞ্জ | ১৮০০০ | ৯০.০০ | ১৮০.০০ | ১৮০.০০ | ৩৬০.০০ | ৬৩.০০০ | ৩৪.২০০ | ০.০০ | ৩৪.২০০ | ৬.৭৫০ | ৪.৫০০ | ১১.২৫০ | ১০৮.৪৫০ |
| ১৯ | সুনামগঞ্জ | ১৫০০০ | ৭৫.০০ | ১৫০.০০ | ১৫০.০০ | ৩০০.০০ | ৫২.৫০০ | ২৮.৫০০ | ০.০০ | ২৮.৫০০ | ৫.৬২৫ | ৩.৭৫০ | ৯.৩৭৫ | ৯০.৩৭৫ |
| ২০ | চট্টগ্রাম | ৩০০০০ | ১৫০.০০ | ৩০০.০০ | ৩০০.০০ | ৬০০.০০ | ১০৫.০০০ | ৫৭.০০০ | ০.০০ | ৫৭.০০০ | ১১.২৫০ | ৭.৫০০ | ১৮.৭৫০ | ১৮০.৭৫০ |
| ২১ | কক্সবাজার | ১৫০০০ | ৭৫.০০ | ১৫০.০০ | ১৫০.০০ | ৩০০.০০ | ৫২.৫০০ | ২৮.৫০০ | ০.০০ | ২৮.৫০০ | ৫.৬২৫ | ৩.৭৫০ | ৯.৩৭৫ | ৯০.৩৭৫ |
| ২২ | নোয়াখালী | ২৯০০০ | ১৪৫.০০ | ২৯০.০০ | ২৯০.০০ | ৫৮০.০০ | ১০১.৫০০ | ৫৫.১০০ | ০.০০ | ৫৫.১০০ | ১০.৮৭৫ | ৭.২৫০ | ১৮.১২৫ | ১৭৪.৭২৫ |
| ২৩ | ফেনী | ১২০০০ | ৬০.০০ | ১২০.০০ | ১২০.০০ | ২৪০.০০ | ৪২.০০০ | ২২.৮০০ | ০.০০ | ২২.৮০০ | ৪.৫০০ | ৩.০০০ | ৭.৫০০ | ৭২.৩০০ |
| ২৪ | লক্ষীপুর | ১৫০০০ | ৭৫.০০ | ১৫০.০০ | ১৫০.০০ | ৩০০.০০ | ৫২.৫০০ | ২৮.৫০০ | ০.০০ | ২৮.৫০০ | ৫.৬২৫ | ৩.৭৫০ | ৯.৩৭৫ | ৯০.৩৭৫ |
| ২৫ | রাংগামাটি | ৪০০০ | ২০.০০ | ৪০.০০ | ৪০.০০ | ৮০.০০ | ১৪.০০০ | ৭.৬০০ | ০.০০ | ৭.৬০০ | ১.৫০০ | ১.০০০ | ২.৫০০ | ২৪.১০০ |
| ২৬ | খাগড়াছড়ি | ৭০০০ | ৩৫.০০ | ৭০.০০ | ৭০.০০ | ১৪০.০০ | ২৪.৫০০ | ১৩.৩০০ | ০.০০ | ১৩.৩০০ | ২.৬২৫ | ১.৭৫০ | ৪.৩৭৫ | ৪২.১৭৫ |
| ২৭ | বান্দরবান | ৪০০০ | ২০.০০ | ৪০.০০ | ৪০.০০ | ৮০.০০ | ১৪.০০০ | ৭.৬০০ | ০.০০ | ৭.৬০০ | ১.৫০০ | ১.০০০ | ২.৫০০ | ২৪.১০০ |
| ২৮ | রাজশাহী | ১৭০০০ | ৮৫.০০ | ১৭০.০০ | ১৭০.০০ | ৩৪০.০০ | ৫৯.৫০০ | ৩২.৩০০ | ০.০০ | ৩২.৩০০ | ৬.৩৭৫ | ৪.২৫০ | ১০.৬২৫ | ১০২.৪২৫ |
| ২৯ | নওগাঁ | ৩৫০০০ | ১৭৫.০০ | ৩৫০.০০ | ৩৫০.০০ | ৭০০.০০ | ১২২.৫০০ | ৬৬.৫০০ | ০.০০ | ৬৬.৫০০ | ১৩.১২৫ | ৮.৭৫০ | ২১.৮৭৫ | ২১০.৮৭৫ |
| ৩০ | নাটোর | ১৪০০০ | ৭০.০০ | ১৪০.০০ | ১৪০.০০ | ২৮০.০০ | ৪৯.০০০ | ২৬.৬০০ | ০.০০ | ২৬.৬০০ | ৫.২৫০ | ৩.৫০০ | ৮.৭৫০ | ৮৪.৩৫০ |
| ৩১ | চাঁপাইনবাবগঞ্জ | ১০০০০ | ৫০.০০ | ১০০.০০ | ১০০.০০ | ২০০.০০ | ৩৫.০০০ | ১৯.০০০ | ০.০০ | ১৯.০০০ | ৩.৭৫০ | ২.৫০০ | ৬.২৫০ | ৬০.২৫০ |
| ৩২ | বগুড়া | ৩৫০০০ | ১৭৫.০০ | ৩৫০.০০ | ৩৫০.০০ | ৭০০.০০ | ১২২.৫০০ | ৬৬.৫০০ | ০.০০ | ৬৬.৫০০ | ১৩.১২৫ | ৮.৭৫০ | ২১.৮৭৫ | ২১০.৮৭৫ |
| ৩৩ | জয়পুরহাট | ১২০০০ | ৬০.০০ | ১২০.০০ | ১২০.০০ | ২৪০.০০ | ৪২.০০০ | ২২.৮০০ | ০.০০ | ২২.৮০০ | ৪.৫০০ | ৩.০০০ | ৭.৫০০ | ৭২.৩০০ |
| ৩৪ | পাবনা | ১০০০০ | ৫০.০০ | ১০০.০০ | ১০০.০০ | ২০০.০০ | ৩৫.০০০ | ১৯.০০০ | ০.০০ | ১৯.০০০ | ৩.৭৫০ | ২.৫০০ | ৬.২৫০ | ৬০.২৫০ |
| ৩৫ | সিরাজগঞ্জ | ১৪০০০ | ৭০.০০ | ১৪০.০০ | ১৪০.০০ | ২৮০.০০ | ৪৯.০০০ | ২৬.৬০০ | ০.০০ | ২৬.৬০০ | ৫.২৫০ | ৩.৫০০ | ৮.৭৫০ | ৮৪.৩৫০ |
| ৩৬ | রংপুর | ২৮০০০ | ১৪০.০০ | ২৮০.০০ | ২৮০.০০ | ৫৬০.০০ | ৯৮.০০০ | ৫৩.২০০ | ০.০০ | ৫৩.২০০ | ১০.৫০০ | ৭.০০০ | ১৭.৫০০ | ১৬৮.৭০০ |
| ৩৭ | গাইবান্ধা | ২৫০০০ | ১২৫.০০ | ২৫০.০০ | ২৫০.০০ | ৫০০.০০ | ৮৭.৫০০ | ৪৭.৫০০ | ০.০০ | ৪৭.৫০০ | ৯.৩৭৫ | ৬.২৫০ | ১৫.৬২৫ | ১৫০.৬২৫ |
| ৩৮ | কুড়িগ্রাম | ২০০০০ | ১০০.০০ | ২০০.০০ | ২০০.০০ | ৪০০.০০ | ৭০.০০০ | ৩৮.০০০ | ০.০০ | ৩৮.০০০ | ৭.৫০০ | ৫.০০০ | ১২.৫০০ | ১২০.৫০০ |
| ৩৯ | লালমনিরহাট | ১৬০০০ | ৮০.০০ | ১৬০.০০ | ১৬০.০০ | ৩২০.০০ | ৫৬.০০০ | ৩০.৪০০ | ০.০০ | ৩০.৪০০ | ৬.০০০ | ৪.০০০ | ১০.০০০ | ৯৬.৪০০ |
| ৪০ | নীলফামারী | ১৮০০০ | ৯০.০০ | ১৮০.০০ | ১৮০.০০ | ৩৬০.০০ | ৬৩.০০০ | ৩৪.২০০ | ০.০০ | ৩৪.২০০ | ৬.৭৫০ | ৪.৫০০ | ১১.২৫০ | ১০৮.৪৫০ |
| ৪১ | দিনাজপুর | ৫০০০০ | ২৫০.০০ | ৫০০.০০ | ৫০০.০০ | ১০০০.০০ | ১৭৫.০০০ | ৯৫.০০০ | ০.০০ | ৯৫.০০০ | ১৮.৭৫০ | ১২.৫০০ | ৩১.২৫০ | ৩০১.২৫০ |
| ৪২ | ঠাকুরগাঁও | ২২০০০ | ১১০.০০ | ২২০.০০ | ২২০.০০ | ৪৪০.০০ | ৭৭.০০০ | ৪১.৮০০ | ০.০০ | ৪১.৮০০ | ৮.২৫০ | ৫.৫০০ | ১৩.৭৫০ | ১৩২.৫৫০ |
| ৪৩ | পঞ্চগড় | ১৭০০০ | ৮৫.০০ | ১৭০.০০ | ১৭০.০০ | ৩৪০.০০ | ৫৯.৫০০ | ৩২.৩০০ | ০.০০ | ৩২.৩০০ | ৬.৩৭৫ | ৪.২৫০ | ১০.৬২৫ | ১০২.৪২৫ |
| ৪৪ | যশোর | ২৫০০০ | ১২৫.০০ | ২৫০.০০ | ২৫০.০০ | ৫০০.০০ | ৮৭.৫০০ | ৪৭.৫০০ | ০.০০ | ৪৭.৫০০ | ৯.৩৭৫ | ৬.২৫০ | ১৫.৬২৫ | ১৫০.৬২৫ |
| ৪৫ | ঝিনাইদহ | ১৯০০০ | ৯৫.০০ | ১৯০.০০ | ১৯০.০০ | ৩৮০.০০ | ৬৬.৫০০ | ৩৬.১০০ | ০.০০ | ৩৬.১০০ | ৭.১২৫ | ৪.৭৫০ | ১১.৮৭৫ | ১১৪.৪৭৫ |
| ৪৬ | মাগুড়া | ১০০০০ | ৫০.০০ | ১০০.০০ | ১০০.০০ | ২০০.০০ | ৩৫.০০০ | ১৯.০০০ | ০.০০ | ১৯.০০০ | ৩.৭৫০ | ২.৫০০ | ৬.২৫০ | ৬০.২৫০ |
| ৪৭ | কুষ্টিয়া | ১৩০০০ | ৬৫.০০ | ১৩০.০০ | ১৩০.০০ | ২৬০.০০ | ৪৫.৫০০ | ২৪.৭০০ | ০.০০ | ২৪.৭০০ | ৪.৮৭৫ | ৩.২৫০ | ৮.১২৫ | ৭৮.৩২৫ |
| ৪৮ | চুয়াডাঙ্গা | ৭০০০ | ৩৫.০০ | ৭০.০০ | ৭০.০০ | ১৪০.০০ | ২৪.৫০০ | ১৩.৩০০ | ০.০০ | ১৩.৩০০ | ২.৬২৫ | ১.৭৫০ | ৪.৩৭৫ | ৪২.১৭৫ |
| ৪৯ | মেহেরপুর | ৬০০০ | ৩০.০০ | ৬০.০০ | ৬০.০০ | ১২০.০০ | ২১.০০০ | ১১.৪০০ | ০.০০ | ১১.৪০০ | ২.২৫০ | ১.৫০০ | ৩.৭৫০ | ৩৬.১৫০ |
| ৫০ | খুলনা | ১৫০০০ | ৭৫.০০ | ১৫০.০০ | ১৫০.০০ | ৩০০.০০ | ৫২.৫০০ | ২৮.৫০০ | ০.০০ | ২৮.৫০০ | ৫.৬২৫ | ৩.৭৫০ | ৯.৩৭৫ | ৯০.৩৭৫ |
| ৫১ | বাগেরহাট | ৮০০০ | ৪০.০০ | ৮০.০০ | ৮০.০০ | ১৬০.০০ | ২৮.০০০ | ১৫.২০০ | ০.০০ | ১৫.২০০ | ৩.০০০ | ২.০০০ | ৫.০০০ | ৪৮.২০০ |
| ৫২ | সাতক্ষীরা | ১৫০০০ | ৭৫.০০ | ১৫০.০০ | ১৫০.০০ | ৩০০.০০ | ৫২.৫০০ | ২৮.৫০০ | ০.০০ | ২৮.৫০০ | ৫.৬২৫ | ৩.৭৫০ | ৯.৩৭৫ | ৯০.৩৭৫ |
| ৫৩ | নড়াইল | ৬০০০ | ৩০.০০ | ৬০.০০ | ৬০.০০ | ১২০.০০ | ২১.০০০ | ১১.৪০০ | ০.০০ | ১১.৪০০ | ২.২৫০ | ১.৫০০ | ৩.৭৫০ | ৩৬.১৫০ |
| ৫৪ | বরিশাল | ১৩০০০ | ৬৫.০০ | ১৩০.০০ | ১৩০.০০ | ২৬০.০০ | ৪৫.৫০০ | ২৪.৭০০ | ০.০০ | ২৪.৭০০ | ৪.৮৭৫ | ৩.২৫০ | ৮.১২৫ | ৭৮.৩২৫ |
| ৫৫ | পিরোজপুর | ৫০০০ | ২৫.০০ | ৫০.০০ | ৫০.০০ | ১০০.০০ | ১৭.৫০০ | ৯.৫০০ | ০.০০ | ৯.৫০০ | ১.৮৭৫ | ১.২৫০ | ৩.১২৫ | ৩০.১২৫ |
| ৫৬ | ঝালকাঠি | ৫০০০ | ২৫.০০ | ৫০.০০ | ৫০.০০ | ১০০.০০ | ১৭.৫০০ | ৯.৫০০ | ০.০০ | ৯.৫০০ | ১.৮৭৫ | ১.২৫০ | ৩.১২৫ | ৩০.১২৫ |
| ৫৭ | পটুয়াখালী | ২৩০০০ | ১১৫.০০ | ২৩০.০০ | ২৩০.০০ | ৪৬০.০০ | ৮০.৫০০ | ৪৩.৭০০ | ০.০০ | ৪৩.৭০০ | ৮.৬২৫ | ৫.৭৫০ | ১৪.৩৭৫ | ১৩৮.৫৭৫ |
| ৫৮ | বরগুনা | ১৩০০০ | ৬৫.০০ | ১৩০.০০ | ১৩০.০০ | ২৬০.০০ | ৪৫.৫০০ | ২৪.৭০০ | ০.০০ | ২৪.৭০০ | ৪.৮৭৫ | ৩.২৫০ | ৮.১২৫ | ৭৮.৩২৫ |
| ৫৯ | ভোলা | ৩৩০০০ | ১৬৫.০০ | ৩৩০.০০ | ৩৩০.০০ | ৬৬০.০০ | ১১৫.৫০০ | ৬২.৭০০ | ০.০০ | ৬২.৭০০ | ১২.৩৭৫ | ৮.২৫০ | ২০.৬২৫ | ১৯৮.৮২৫ |
| ৬০ | ফরিদপুর | ১৫০০০ | ৭৫.০০ | ১৫০.০০ | ১৫০.০০ | ৩০০.০০ | ৫২.৫০০ | ২৮.৫০০ | ০.০০ | ২৮.৫০০ | ৫.৬২৫ | ৩.৭৫০ | ৯.৩৭৫ | ৯০.৩৭৫ |
| ৬১ | মাদারীপুর | ৫০০০ | ২৫.০০ | ৫০.০০ | ৫০.০০ | ১০০.০০ | ১৭.৫০০ | ৯.৫০০ | ০.০০ | ৯.৫০০ | ১.৮৭৫ | ১.২৫০ | ৩.১২৫ | ৩০.১২৫ |
| ৬২ | গোপালগঞ্জ | ৪০০০ | ২০.০০ | ৪০.০০ | ৪০.০০ | ৮০.০০ | ১৪.০০০ | ৭.৬০০ | ০.০০ | ৭.৬০০ | ১.৫০০ | ১.০০০ | ২.৫০০ | ২৪.১০০ |
| ৬৩ | রাজবাড়ী | ৮০০০ | ৪০.০০ | ৮০.০০ | ৮০.০০ | ১৬০.০০ | ২৮.০০০ | ১৫.২০০ | ০.০০ | ১৫.২০০ | ৩.০০০ | ২.০০০ | ৫.০০০ | ৪৮.২০০ |
| ৬৪ | শরীয়তপুর | ৪০৫০ | ২০.২৫ | ৪০.৫০ | ৪০.৫০ | ৮১.০০ | ১৪.১৭৫ | ৭.৬৯৫ | ০.০০ | ৭.৬৯৫ | ১.৫১৯ | ১.০১২ | ২.৫৩১ | ২৪.৪০১ |
| মোট | | ৯৯৫৮৫০ | ৪৯৭৯.২৫ | ৯৯৫৮.৫০ | ৯৯৫৮.৫০ | ১৯৯১৭.০০ | ৩৪৮৫.৪৭৫ | ১৮৯২.১১৫ | ০ | ১৮৯২.১১৫ | ৩৭৩.৪৪৪ | ২৪৮.৯৬২ | ৬২২.৪০৬ | ৫৯৯৯.৯৯৬ |

D:\প্রণোদনা ও পুনর্বাসন\pronodona-punorbason 2025-26\রোপা আমন\go ropa aman pronodona.docx

০৪। কর্মসূচির বাস্তবায়ন পদ্ধতি এবং এ সংক্রান্ত অর্থ ব্যয়ের শর্তাবলী:

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA' ২০০৬ ও PPR' ২০২৫ অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক বরাদ্দকৃত সকল অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করতে হবে। ছাড়কৃত অর্থ ব্যয়সহ এ কার্যক্রম বাস্তবায়নে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

২. কর্মসূচি প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি লক্ষ্যমাত্রা অনুযায়ী ইউনিয়নভিত্তিক কৃষক সংখ্যা বিভাজন করবেন। উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি সভা করবেন এবং সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তাগণ ক্ষুদ্র, প্রান্তিক ও মাঝারি কৃষক নির্বাচন করে অগ্রাধিকারভিত্তিতে খসড়া তালিকা প্রস্তুত করবেন। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির তত্ত্বাবধানে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উক্ত খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন ও উপকরণ বিতরণসহ অন্যান্য কার্যক্রম বরাদ্দকৃত অর্থ হতে এ আদেশে বর্ণিত পদ্ধতি ও শর্তাবলী অনুযায়ী বাস্তবায়ন করবেন;

৩. উপজেলা ও জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর 'কৃষক তথ্য ছক' পূরণ করে এর সফটকপি উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail- admonitoring@dae.gov.bd/ ddmonitoring@yahoo.com) প্রেরণ করবেন। পরবর্তীতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সমন্বিত প্রতিবেদন সরকারি ই-মেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে (E-mail- input2@moa.gov.bd/ moa.input2@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;

৪. কর্মসূচি প্রাপ্তির পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি দ্রুততম সময়ে তালিকাভুক্ত কৃষকের মাঝে উপকরণ বিতরণ কার্যক্রম শুরু করবেন। কর্মসূচির সকল উপকরণ উপজেলা সদর থেকে বিতরণ করতে হবে। সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টাররোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপসহকারী কৃষি কর্মকর্তা এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন। বিতরণকৃত উপকরণ বা অর্থ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থাতেই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে প্রদান করা যাবে না;

৫. অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রতি কৃষক পরিবারকে উফশী রোপা আমন ধানের চাষে সর্বাধিক ১ (এক) বিঘা জমির জন্য সহায়তা প্রদান করা যাবে;

৬. প্রতি ব্লকে উফশী রোপা আমন চাষের উপযোগী জমি ও উপযুক্ত আগ্রহী কমপক্ষে ১০ জন কৃষক নির্বাচন করা যাদের পাশাপাশি আবাদি জমি থাকবে এবং যারা দলবদ্ধভাবে কাজ করবে;

৭. খরিপ/২০২৫-২৬ মৌসুমে উফশী রোপা আমন চাষে সহযোগিতার জন্য প্রান্তিক ও ক্ষুদ্র, আমন চাষে আগ্রহী এবং আবাদি জমি আছে এমন কৃষকগণই প্রণোদনা সহায়তা পাবেন। অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রতি কৃষক উফশী রোপা আমন চাষের জন্য ৫ কেজি করে উফশী রোপা আমন ধানের বীজ, ১০ কেজি করে ডিএপি সার ও ১০ কেজি করে এমওপি সার সহায়তা পাবেন;

৮. উফশী রোপা আমন ফসলের ক্ষেত্রে কৃষক প্রতি মিনি প্যাকেটের ঝামেলা ও ওজনের বিড়ম্বনা এড়াতে সারের বস্তা ভেঙ্গে আলাদা আলাদা কৃষককে না দিয়ে এ কর্মসূচির আওতায় উপকরণ সহায়তা হিসেবে অনুমোদিত তালিকাভুক্ত প্রতি ৫ (পাঁচ) জনের একটি গ্রুপ করে প্রতি গ্রুপে ৫০ কেজি ওজনের ১ (এক) বস্তা ডিএপি ও ৫০ কেজি ওজনের ১ (এক) বস্তা এমওপি সার বিতরণ করতে হবে;

৯. স্থানীয় উপযোগিতার ভিত্তিতে অধিক ফলনশীল উফশী এবং সর্বশেষ ছাড়কৃত জাতসমূহের মধ্যে রোপা আমন ধানের প্রত্যায়িত/মানঘোষিত বীজ বিএডিসি (৮০%) এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের তালিকাভুক্ত বীজ উদ্যোক্তাগণের নিকট (২০%) হতে নির্ধারিত মূল্যে সন্তোষজনক অঙ্কুরোদগম পরীক্ষা সাপেক্ষে জেলা/উপজেলা পুনর্বাসন কমিটির সিদ্ধান্ত মোতাবেক সংগ্রহ করতে হবে। প্রয়োজনে কর্তৃপক্ষ এ হার হ্রাস-বৃদ্ধি করতে পারবেন;

১০. এ কর্মসূচির আওতায় বিতরণযোগ্য উফশী রোপা আমন ধান বীজের অঙ্কুরোদগম ক্ষমতা, বিশুদ্ধতা ও উৎপাদন ক্ষমতা অবশ্যই সংশ্লিষ্ট জাতের কাঙ্ক্ষিত মানের হতে হবে। কাঙ্ক্ষিত মানের না হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

১১. এ কর্মসূচির আওতায় সন্তোষজনক অঙ্কুরোদগম পরীক্ষাপূর্বক মানসম্পন্ন প্রয়োজনীয় উফশী রোপা আমন ধান বীজ জেলাওয়ারী বিভাজন অনুযায়ী বিএডিসি/বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ/ব্রি নিকট হতে ক্রয় করতে হবে। কোনো কারণে বিএডিসি/বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ/ব্রি নিকট হতে প্রণোদনা প্রয়োজনীয় বীজ সরবরাহ না পাওয়া গেলে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা'র সহিত আলোচনা/পরামর্শক্রমে অন্যান্য বৈধ উৎস হতে গুণগতমানসম্পন্ন বীজ নির্ধারিত মূল্যে ক্রয়/সংগ্রহপূর্বক কৃষক পর্যায়ে সরবরাহ করতে হবে;

১২. কর্মসূচির সার বিসিআইসি'র কারখানা/বাফার গুদাম/বিক্রয়কেন্দ্র/মিল গেট/বিএডিসি'র জেলাস্থ/নিকটবর্তী গুদাম থেকে বিধি মোতাবেক ক্রয় করতে হবে। সারের মূল্য সরকার নির্ধারিত ভর্তুকি মূল্যে ধরা হয়েছে **এমওপি সার অনুদানপ্রাপ্ত বিধায় এর মূল্য অন্তর্ভুক্ত হবে না;**

১৩. জেলা হতে উপজেলার দূরত্ব ও বাস্তবতার নিরিখে পরিবহন ব্যয় জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উপজেলাওয়ারী বিভাজন ও বরাদ্দ প্রদান করবেন;

১৪. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি প্রণোদনা জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিস্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংরক্ষণ করবেন এবং ০১ কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন এবং এর ০১ (এক) কপি ৬৪ টি জেলার জেলা প্রশাসক ও সভাপতি, কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি ৩ (তিন) টি পার্বত্য জেলার জেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করবেন। এছাড়া, উপকারভোগী কৃষকের তালিকা ডিএই'র জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

১৫. এ কর্মসূচির আওতায় ফসল কর্তন শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন **ই-মেইলযোগে admonitoring@dae.gov.bd/ ddimplement@dae.gov.bd** এ প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন;

১৬. প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার পরে যথাসম্ভব দ্রুততার সাথে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক admonitoring@dae.gov.bd/ ddmonitoring@yahoo.com ই-মেইলে প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন। উক্ত সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি ৬৪ টি জেলার জেলা প্রশাসক ও সভাপতি, কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি ৩ (তিন) টি পার্বত্য জেলার জেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকটও প্রেরণ করতে হবে। অগ্রিম উত্তোলিত অর্থ ৩০ জুন ২০২৫ তারিখের মধ্যে অবশ্যই সমন্বয় করতে হবে। কোনোভাবেই বিলম্ব গ্রহণযোগ্য হবে না;

১৭. সার, বীজ ও অন্যান্য ব্যয় বাবদ অর্থ বিতরণের সমগ্র প্রক্রিয়া যথাযথভাবে পরিবীক্ষণ করতে হবে;

১৮. এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য প্রণোদনা/ পুনর্বাসন কর্মসূচির সাথে দ্বৈততা যেন না হয়, সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নিশ্চিত করবে; এবং

১৯. **প্রণোদনা কার্যক্রম মনিটরিংয়ের জন্য 'কৃষক তথ্য' ছক (সরকারি ই-মেইলের (E-mail- admonitoring@dae.gov.bd ও ddmonitoring@yahoo.com) মাধ্যমে প্রেরণ করা হলে কর্মকর্তার স্বাক্ষরের প্রয়োজন নেই)**

জেলার নাম:

উপজেলার নাম:

ইউনিয়ন/ পৌরসভার নাম :

গ্রাম/মহল্লা/ওয়ার্ড নং:

| ক্রঃ নং | কৃষকের নাম | পিতা ও মাতার নাম | কৃষকের জাতীয় পরিচয় পত্রের নম্বর | কৃষকের মোবাইল নম্বর | কর্মসূচি সহায়তা বাবদ প্রাপ্ত বীজ, সার ও কীটনাশক সহায়তার বিবরণ | ফসল উৎপাদন পর্যন্ত উঠান বৈঠকের সম্ভাব্য সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | | | | | বীজের নাম ও জাত-<br>বীজের পরিমাণ-<br>সারের নাম-<br>সারের পরিমাণ- | |

মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব
ফোন নং ০২৫৫১০০৯৬৪
E-mail-moa.input2@gmail.com

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. চেয়ারম্যান, জেলা পরিষদ (রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি) ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি।
২. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ৬১ জেলা)।

নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৩.২২.১৬৩

তারিখ : ১৮ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ০১ জুন ২০২৬

**অনুলিপি : জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৫. চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, বিসিআইসি ভবন, ৩০-৩১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব (বীজ/সার ব্যবস্থাপনা ও উপকরণ/ সম্প্রসারণ/প্রশাসন) অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। **(উল্লিখিত শর্তাবলীর আলোকে কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে সমন্বয় বিবরণী প্রেরণ নিশ্চিত করণের অনুরোধসহ)**
৮. মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর।
৯. নির্বাহী পরিচালক, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী।
১০. মাননীয় কৃষি মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১১. উপসচিব, সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(আইবাস ++ এ এন্ট্রি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য)**।
১৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৫. সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ৬৪ জেলা)।
১৭. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট জেলা) **(শর্ত মোতাবেক যথাসময়ে ব্যয়ের সমন্বয় বিবরণী প্রস্তুতের সহযোগিতা প্রদানের অনুরোধসহ)** ।
১৮. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।
১৯. উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা) **(শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে ব্যয় সমন্বয় করে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রেরণের অনুরোধসহ)।**
২০. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**
২১. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১০/০৫/২৫

মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব